কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
এফএ-১ শাখা

স্মারক নং-১২.০৭২.০৩৫.০০.০০.০১১.২০১১-৫৩৫ তারিখ ঃ ০১ অগ্রহায়ণ ১৪১৮ / ১৫ নভেম্বর ২০১১

বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশে আধুনিক কৃষি বিপণন ব্যবস্থা গড়ে তোলা এবং কৃষি ব্যবসা উন্নয়নের জন্য কৃষি বিপণন অধিদপ্তর পুর্নগঠনের লক্ষ্যে বাংলাদেশ কৃষি বিপণন ও কৃষি ব্যবসা ব্যবস্থাপনা আইন ২০১১ এর একটি খসড়া প্রণয়ন করা হয়েছে। এ খসড়ার ওপর স্টেকহোল্ডারসহ জনসাধারণের মতামত/পরামর্শ নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

বাংলাদেশ কৃষি বিপণন ও কৃষি ব্যবসা ব্যবস্থাপনা আইন ২০১১ এর খসড়া সকলের অবগতির জন্য কৃষি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে (www.moa.gov.bd) উম্মুক্ত করা হয়েছে। এ খসড়ার ওপর জনপ্রতিনিধি, কৃষিজীবি, ব্যবসায়ী, সুশীল সমাজ, শিক্ষাবিদ, পেশাজীবী ও সরকারি কর্মকর্তা/কর্মচারীসহ সকল শ্রেণী-পেশার সুবিধাভোগী জনসাধারণের নিকট থেকে সুনির্দিষ্ট মতামত ও পরামর্শ আহবান করা যাচ্ছে। যাচিত মতামত ও পরামর্শ আগামী ২০ ডিসেম্বর ২০১১ তারিখের মধে sas.fa01@ymail.com ই-মেইলে অথবা সরাসরি/ডাক যোগে সিনিয়র সহকারী সচিব (এফএ-১ শাখা), কৃষি মন্ত্রণালয়, রুম নং-৪০১, ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এ ঠিকানায় প্রেরণ করার অনুরোধ জানানো যাচ্ছে।

(ড. মুহাম্মদ মোশাররফ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৬৪১৬২

কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা আইন ২০১১

উৎপাদক, কৃষি ব্যবসায়ী ও ভোক্তা সহায়ক কৃষি বিপণন ব্যবস্থা ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা উন্নয়নের মাধ্যমে জাতীয় অর্থনীতি শক্তিশালীকরণের লক্ষ্যে প্রণীত আইন;

যেহেতু মুক্ত বাজার অর্থনৈতিক ব্যবস্থায় কৃষি উপকরণ ও কৃষি পণ্যের চাহিদা ও যোগান নিরূপণ, মজুদ ও মূল্য পরিস্থিতি বিশ্লেষণ, পণ্যের গুণগতমান নিশ্চিতকরণ, কৃষি পণ্যের মূল্য সহায়তা প্রদান প্রয়োজন;

এবং

যেহেতু উৎপাদক, কৃষি ব্যবসায়ী ও ভোক্তা সহায়ক দক্ষ কৃষি বিপণন ব্যবস্থা গড়ে তোলা, কৃষক, কৃষি ব্যবসায়ী ও উদ্যোক্তাগণকে কৃষিব্যবসা ও কৃষিভিত্তিক শিল্প স্থাপণ ও সম্প্রসারণে প্রয়োজনীয় সহায়তা প্রদান প্রয়োজন ও আইনী বিধান করা সমীচীন;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল:-

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১।	**সংক্ষিপ্ত শিরোনাম, পরিসর ও প্রবর্তনঃ**	
	১)	এই আইন কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা আইন ২০১১ নামে অভিহিত হইবে;
	২)	এই আইন সমগ্র বাংলাদেশে বলবৎ হইবে;
	৩)	এই আইন গেজেট প্রকাশের তারিখ হইতে কার্যকর হইবে।

২।	**সংজ্ঞাঃ** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে —	
	১)	কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা অধিদপ্তর "Department of Agricultural Marketing and Agribusiness Management (DAAM)" বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের অধীনস্ত কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা অধিদপ্তর বুঝাইবে;
	২)	**'ভিশন'** বলিতে এই আইনের আওতায় প্রণীত কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা অধিদপ্তরের ভিশন বুঝাইবে;
	৩)	'মিশন' বলিতে এই আইনের আওতায় প্রণীত কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা অধিদপ্তরের মিশন বুঝাইবে;
	৪)	**'কার্যাবলী'** বলিতে এই আইনের আওতায় প্রণীত কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্যাবলী বুঝাইবে;
	৫)	**'কৃষি উপকরণ'** বলিতে কৃষিপণ্য উৎপাদনের ক্ষেত্রে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ব্যবহৃত তফসিল-১ এ বর্ণিত ও বিভিন্ন উপকরণ ক্ষেত্রমত সম্মিলিতভাবে অথবা পৃথক পৃথক ভাবে বুঝাইবে;
	৬)	**'কৃষি পণ্য'** বলিতে এই আইনের সহিত সংযোজিত তফসিল-২ এ বর্ণিত কৃষি পণ্য এবং প্রক্রিয়াজাত কৃষি পণ্য ক্ষেত্রমত সম্মিলিতভাবে অথবা পৃথক পৃথক ভাবে বুঝাইবে;
	৭)	**'ব্যক্তি'** বলিতে কোন একক ব্যক্তি বা দলগতভাবে একের অধিক ব্যক্তি বা কোন প্রতিষ্ঠান বা সংগঠনকে বুঝাইবে;
	৮)	**'মহাপরিচালক'** বলিতে কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা অধিদপ্তর-এর মহাপরিচালককে বুঝাইবে;
	৯)	**'উৎপাদক'** বলিতে কোন ব্যক্তি নিজ বা তাহার পরিবারের সদস্যগণের দ্বারা বা বর্গাদার বা মজুরীর বিনিময়ে শ্রমিক

		দ্বারা অথবা অংশীদারগণের দ্বারা কোন কৃষিপণ্য চাষ বা উৎপাদন করেন তাহাকে বুঝাইবে। তবে কৃষি উপকরণ ও পণ্যসমূহের কোন ব্যবসায়ী, চুক্তিবদ্ধ চাষ ব্যবস্থার স্পন্সর এবং টিস্যুকালচার এ নিয়োজিত প্রতিষ্ঠানসমূহ ইহার অন্তর্ভূক্ত হইবে না ;

	১০)	**'ভোক্তা'** বলিতে এমন কোন ব্যক্তি,-		
		ক)	যিনি পুনঃবিক্রয় ও বাণিজ্যিক উদ্দেশ্য ব্যতীত-	
			অ)	মূল্য পরিশোধে বা মূল্য পরিশোধের প্রতিশ্রুতিতে কোন পণ্য ক্রয় করেন;
			আ)	আংশিক পরিশোধিত ও আংশিক প্রতিশ্রুত মূল্যের বিনিময়ে কোন পণ্য ক্রয় করেন ; বা
			ই)	প্রলম্বিত মেয়াদ বা কিস্তির ব্যবস্থায় মূল্য পরিশোধের প্রতিশ্রুতিতে কোন পণ্য ক্রয় করেন;
		খ)	যিনি দফা (ক) এর অধীনে ক্রীত পণ্য ব্যবহার করেন তাহাকে বুঝাইবে;	
	১১)	**'কৃষি বিপণন'** বলিতে এই আইনে কৃষি পণ্য উৎপাদক পর্যায় হইতে ভোক্তার কাছে পৌঁছানো পর্যন্ত পণ্য পরিবহন, সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ, ক্রয়-বিক্রয়সহ যাবতীয় কার্যাবলীকে বুঝাইবে;		
	১২)	**'কৃষিব্যবসা'** বলিতে এই আইনে কৃষি উপকরণ ও কৃষি পণ্যের বাণিজ্যিক উৎপাদন ও সরবরাহ এবং কৃষি পণ্যের প্রক্রিয়াজাতকরণ, ভোগ্য পণ্য উৎপাদন, বিপণন সহ যাবতীয় কার্যাবলীকে বুঝাইবে;		
	১৩)	**'কৃষিব্যবসায়ী'** বলিতে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কৃষি পণ্য এবং কৃষি কাজে ব্যবহৃত উপকরণ এর ক্রয় ও বিক্রয়ে জড়িত থাকেন অথবা কৃষি পণ্য এবং কৃষিতে ব্যবহৃত উপকরণসমূহের পাইকারী বিক্রেতা, আড়তদার, খুচরা বিক্রেতা, রপ্তানীকারক, আমদানীকারক, গুদাম মালিক, হিমাগার মালিক, উপকরণ ডিলার, প্রক্রিয়াজাতকারী, সরবরাহ ঠিকাদার, চুক্তিবদ্ধ চাষ ব্যবস্থার স্পন্সরকে (Contract Farming Sponsor) বুঝাইবে;		
	১৪)	**'হাটবাজার'** বলিতে সরকার কর্তৃক অনুমোদিত বা ইজারাকৃত এমন স্থান যেখানে দৈনিক, নির্দিষ্ট দিন বা সাপ্তাহিক ভিত্তিতে অন্যান্য পণ্যের পাশাপাশি কৃষি উপকরণ ও কৃষি পণ্যের ক্রয়-বিক্রয় হয় তাহাকে বুঝাইবে;		
	১৫)	**'পাইকারী বিক্রেতা'** বলিতে প্রত্যক্ষভাবে কৃষি উপকরন ও কৃষি পণ্যের পাইকারী ক্রয় বা বিক্রয় কার্যে নিয়োজিত থাকেন তবে খুচরা বিক্রয় করেন না এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;		
	১৬)	**'আড়ৎদার'** বলিতে কৃষি পণ্যের পাইকারী ক্রয় বা বিক্রয় কার্যে নিয়োজিত থাকেন এবং পাইকারী বিক্রেতা, ভোক্তাসহ অন্যান্য ব্যবসায়ীগনের নিকট কৃষি পণ্য বিক্রয় করিয়া থাকেন তবে খুচরা বিক্রয় করেন না এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;		
	১৭)	**'খুচরা বিক্রেতা'** বলিতে কৃষি উপকরন ও কৃষি পণ্যের প্রত্যক্ষ ক্রয় ও বিক্রয় কার্যে নিয়োজিত থাকেন এবং ভোক্তার নিকট উক্ত পণ্য বিক্রয় করিয়া থাকেন এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;		
	১৮)	**'রপ্তানীকারক'** বলিতে অন্য দেশে কৃষি উপকরণ ও কৃষি পণ্যের প্রত্যক্ষ বিক্রয় কার্যে নিয়োজিত থাকেন এবং তদ্রুপ বিক্রয়কৃত কৃষি উপকরণ ও কৃষি পণ্য বাংলাদেশের সীমানার বাহিরে প্রেরণ করেন এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;		
	১৯)	**'আমদানীকারক' বলিতে** অন্য দেশ হইতে কৃষি উপকরণ ও কৃষিপণ্য প্রত্যক্ষ আমদানী কার্যে নিয়োজিত থাকেন এবং ঐ ধরনের ক্রয়কৃত কৃষি উপকরণ ও কৃষি পণ্য বাংলাদেশের সীমানার অভ্যন্তরে সমাহার করেন এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;		
	২০)	**'গুদাম মালিক'** বলিতে নিজস্ব মালিকানাধীন বা ভাড়া করা গুদাম-এর সাহায্যে গুদামজাতকরণের উদ্দেশ্যে কৃষি উপকরণ ও কৃষি পণ্যের প্রত্যক্ষ ক্রয়-বিক্রয়কার্যে নিয়োজিত থাকেন এবং গুদামজাতকরণ কার্যে নিয়োজিত থাকেন এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;		
	২১)	**'হিমাগার মালিক'** বলিতে নিজস্ব মালিকানাধীন বা ভাড়া করা হিমাগারে কৃষি ব্যবসায়ী বা উৎপাদকের কৃষি পণ্য ভাড়ার বিনিময়ে নির্দিষ্ট মেয়াদের জন্য সংরক্ষণ করিয়া থাকেন এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;		
	২২)	**'ওয়্যারহাউস মালিক'** বলিতে কোন ব্যক্তি যিনি নিজস্ব মালিকানাধীন বা ভাড়া করা ওয়্যারহাউসে কৃষি ব্যবসায়ী বা		

		উৎপাদকের কৃষি উপকরণ ও কৃষি পণ্য ভাড়ার বিনিময়ে নির্দিষ্ট মেয়াদের জন্য সংরক্ষণ করিয়া থাকেন এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;
	২৩)	**‘উপকরণ ব্যবসায়ী’** বলিতে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান অথবা সরকার কর্তৃক নিয়োজিত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি কৃষি উপকরণ সমূহের ক্রয়-বিক্রয় কার্যে নিয়োজিত থাকেন এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;
	২৪)	**‘মিলার’** বলিতে মিলিং অবকাঠামো হইতে কৃষি পণ্যের মিলিং এর মাধ্যমে ভোগযোগ্য বা অন্য কোন মূল্যসংযোজন প্রক্রিয়ায় (Value addition process) ব্যবহারযোগ্য করিবার কার্যে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিয়োজিত থাকেন এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;
	২৫)	**‘প্রক্রিয়াজাতকারী’** বলিতে নিজ বা অন্যের মালিকানাধীন প্রক্রিয়াজাতকরণ অবকাঠামো হইতে কৃষি পণ্যের মূল্যসংযোজন প্রক্রিয়ায় যে কোন প্রক্রিয়াজাত কর্মের মাধ্যমে ভোগযোগ্য বা ব্যবহারযোগ্য করিবার কার্যে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিয়োজিত থাকেন এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;
	২৬)	**‘কৃষক বিপণন গ্রুপ’** (Farmers Marketing Group (FMG)) বলিতে এই আইনের অধীনে কৃষকদের নিয়ে গঠিত কোন গ্রুপ যা সরাসরি কৃষক-বাজার সংযোগ স্থাপনে ভূমিকা রাখে এমন গ্রুপকে বুঝাইবে;
	২৭)	**‘চুক্তিবদ্ধ চাষ ব্যবস্থার স্পন্সর’** বলিতে প্রকৃত কৃষক, কৃষক গ্রুপ বা কৃষক বিপণন গ্রুপকে চুক্তির ভিত্তিতে কৃষি পণ্যের উৎপাদন কার্যে নিয়োজিত করেন ও তাহাদের নিকট হইতে পূর্ব নির্ধারিত মূল্যে কৃষি পণ্য ক্রয় করেন এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;
	২৮)	**‘কৃষিভিত্তিক শিল্পপতি’** বলিতে কৃষি পণ্যের যে কোন ধরনের মূল্য সংযোজনের উদ্দেশ্যে আইনানুগভাবে শিল্প প্রতিষ্ঠান পরিচালনাকারী কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;
	২৯)	**‘কৃষি ভিত্তিক এসোসিয়েশন’** বলিতে কৃষি উপকরণ বা কৃষি পণ্য উৎপাদক অথবা কৃষিব্যবসায়ীগণের স্বার্থ সংরক্ষণ অথবা কৃষি বিপণন উন্নয়নের জন্য আইনানুগভাবে প্রতিষ্ঠিত এসোসিয়েশন বা এসোসিয়েশন সমূহকে বুঝাইবে;
	৩০)	**‘কৃষি খামার’** বলিতে যে সকল খামারে কৃষি পণ্য উৎপাদন করার জন্য দৈনিক ন্যূনতম দশ জন কৃষি শ্রমিক নিয়োজিত রাখা হয় ও মজুরীসহ আর্থিক সহায়তা প্রদান করা হয় এমন প্রতিষ্ঠানকে বুঝাইবে;
	৩১)	**‘সরবরাহ ঠিকাদার’** বলিতে যিনি অন্য কোন প্রতিষ্ঠানে কৃষি উপকরণ ও কৃষি পণ্যের সরবরাহকারী হিসাবে ব্যবসা করেন এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;
	৩২)	**‘ফৌজদারী কার্যবিধি’** বলিতে Code of Criminal Procedure 1898 (Act No. V of 1898 এর সংশোধনীসহ) কে বুঝাইবে;
	৩৩)	**‘জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট’** বলিতে ফৌজদারী কার্যবিধিতে উল্লিখিত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন **ম্যাজিস্ট্রেট** কে বুঝাইবে’;
	৩৪)	**‘এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট’** বলিতে ফৌজদারী কার্যবিধিতে উল্লিখিত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কে বুঝাইবে;
	৩৫)	**‘মোবাইল কোর্ট’** বলিতে আইন শৃঙ্খলা এবং অপরাধ প্রতিরোধ কার্যক্রমকে কার্যকর ও অধিকতর দক্ষতার সহিত সম্পাদন করিবার জন্য মোবাইল কোর্ট পরিচালনার উদ্দেশ্যে প্রয়োজনীয় বিধান করিবার লক্ষ্যে প্রণীত আইনে উল্লিখিত মোবাইল কোর্ট কে বুঝাইবে;
	৩৬)	**‘আপীল’** বলিতে এই আইনের বিধান মোতাবেক প্রদত্ত দন্ডের বিরুদ্ধে সংক্ষুব্ধ ব্যক্তি কর্তৃক আপীল বুঝাইবে;
	৩৭)	**‘জাতীয় কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা কমিটি’** বলিতে এই আইনের অধীনে গঠিত জাতীয় পর্যায়ে কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা কমিটিকে বুঝাইবে;
	৩৮)	**‘জেলা কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা সমন্বয় কমিটি’** বলিতে এই আইনের বিধান মোতাবেক গঠিত জেলা পর্যায়ে কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা সমন্বয় কমিটিকে বুঝাইবে;

	৩৯)	**'উপজেলা কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা সমন্বয় কমিটি'** বলিতে এই আইনের অধীনে গঠিত উপজেলা পর্যায়ে কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা সমন্বয় কমিটিকে বুঝাইবে;
	৪০)	**'বিধিমালা'** বলিতে এই আইনের আওতায় প্রণীত বিধিমালাকে বুঝাইবে;
	৪১)	**'নীতিমালা'** বলিতে এই আইনের আওতায় প্রণীত যে কোন নীতিমালাকে বুঝাইবে।

দ্বিতীয় অধ্যায়

কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা অধিদপ্তর (DAAM) এর ভিশন, মিশন, কার্যাবলী এবং মহাপরিচালকের দায়িত্ব

৩।	**কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা অধিদপ্তরের ভিশন নিম্নরূপ হইবে ঃ** "উৎপাদক, কৃষি ব্যবসায়ী ও ভোক্তা সহায়ক কৃষি বিপণন ব্যবস্থা ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা উন্নয়নের মাধ্যমে জাতীয় অর্থনীতি শক্তিশালীকরণ"।		
৪।	**কৃষি বিপণন ও কৃষি ব্যবসা ব্যবস্থাপনা অধিদপ্তরের মিশন নিম্নরূপ হইবে ঃ**		
	(১)	কৃষি পণ্যের চাহিদা ও যোগান নিরূপণ, মজুদ ও মূল্য পরিস্থিতি বিশ্লেষণ ও অত্যাবশ্যকীয় কৃষি পণ্যের মূল্য ধারার আগাম প্রক্ষেপণ এবং এ বিষয়ে তথ্য ব্যবস্থাপনা ও প্রচার;	
	(২)	উৎপাদন খরচসহ সংশ্লিষ্ট বিষয় বিবেচনাপূর্বক উপকরণ ও কৃষি পণ্যের মূল্য সহায়তা প্রদান সম্পর্কে সরকারকে পরামর্শ প্রদান;	
	(৩)	কৃষি পণ্যের মূল্যধারা বিশ্লেষণ, লাভ-ক্ষতি নিরূপণ এবং এলাকা ভিত্তিক কৃষিপণ্য উৎপাদন ও উৎপাদন পরিকল্পনা প্রণয়নে উৎপাদকদেরকে অবহিতকরণ ও সহায়তা প্রদান;	
	(৪)	কৃষিপণ্যের গুণগতমান রক্ষা ও সরবরাহ ব্যবস্থায় সহায়তা প্রদান এবং বাজার অবকাঠামো উন্নয়নের মাধ্যমে দক্ষ বিপণন ব্যবস্থা গড়িয়া তোলা;	
	(৫)	সুষ্ঠু বিপণনের লক্ষ্যে কৃষক বিপণন গ্রুপ গঠন এবং কৃষকের সংগে বাজারের সংযোগ সৃষ্টিতে সহায়তা প্রদান;	
	(৬)	বাজার চাহিদা অনুযায়ী বহুমুখী কৃষি উৎপাদন, কৃষিব্যবসা, কৃষিভিত্তিক শিল্প স্থাপন ও সম্প্রসারণ এবং কৃষিপণ্যের রপ্তানি বৃদ্ধিতে উদ্যোক্তাগণকে প্রনোদনাসহ প্রয়োজনীয় সহায়তা প্রদান।	
৫।	**কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্যাবলী**		
	৫.১	**ফসলের মূল্য সহায়তা নীতিমালা প্রণয়ন ও কৃষি বিপণন সম্পর্কিত তথ্য ব্যবস্থাপনা**	
		(ক)	কৃষি উৎপাদন, বিপণন ও ভোগের ক্ষেত্রে তথ্য ভিত্তিক চাহিদা ও যোগানের প্রক্ষেপণ, বাণিজ্যিক কৃষি তথা কৃষিব্যবসার প্রসারকল্পে তথ্য বিশ্লেষণ ও ব্যবস্থাপনার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ;
		(খ)	অভ্যন্তরীণ ও রপ্তানী বাজারে কৃষিপণ্যের চাহিদা নিরূপণ ও যোগান পরিস্থিতি বিশ্লেষণ করিয়া কৃষক, ব্যবসায়ী ও ভোক্তাদের নিয়মিত তথ্য সরবরাহ;
		(গ)	এলাকাভিত্তিক ফসলের মূল্য ধারা (Price trend) বিশ্লেষণ পূর্বক বিভিন্ন প্রচার মাধ্যমের সাহায্যে ফসলের মূল্যের পূর্বাভাস প্রদান, ফসল চক্র সম্পর্কে মূল্য ধারা ভিত্তিক পরামর্শ প্রদান এবং পণ্য বাজারজাতকরণে উৎপাদককে সহায়তা প্রদান;

		(ঘ)	ডিএএম এর অভ্যন্তরে একটি এগ্রিকালচারাল প্রাইস সেল প্রতিষ্ঠা করিয়া ফসল বপণের পূর্বেই উৎপাদক পর্যায়ে প্রতিবছর প্রধান প্রধান ফসলের ন্যূনতম মূল্য সহায়তা প্রদান সম্পর্কে প্রয়োজনে সরকারকে পরামর্শ প্রদান এবং এই লক্ষ্যে ফসলের মূল্য সহায়তা নীতিমালা প্রণয়নে সুপারিশ প্রদান;
		(ঙ)	ফসলের উৎপাদন ব্যয় ও বিক্রয় মূল্য সম্পর্কিত মাঠ পর্যায়ের তথ্যের ভিত্তিতে আয় ব্যয় নিরূপণ করিয়া নিয়মিত রিপোর্ট প্রকাশ;
		(চ)	সরকার কর্তৃক অনুমোদিত ও ইজারাকৃত সকল হাট-বাজার এবং সিটি কর্পোরেশনের কাঁচা বাজারসমূহের বিভিন্ন শ্রেণীর কৃষি ব্যবসায়ী হইতে পণ্যের চাহিদা, যোগান, বাজার মূল্য, মজুদ, সরবরাহ ইত্যাদি বিষয়ে তথ্য সংগ্রহ;
		(ছ)	সম্ভাবনাময় জেলা/ উপজেলায় কৃষি বিপণন তথ্যকেন্দ্র পরিচালনা করা এবং কৃষি উপকরণ ও পণ্যের চাহিদা, যোগান, মূল্য, মজুদ, সরবরাহ পরিস্থিতি, পণ্যের বিপণন ব্যয় ইত্যাদি তথ্য সংশ্লিষ্ট সকলকে সরবরাহ;
		(জ)	ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদেরকে স্বল্পমূল্যে কৃষিপণ্য বিক্রয়ের (Distressed sale) হাত হইতে রক্ষা, স্থানীয় পর্যায়ে খাদ্য নিরাপত্তা গড়িয়া তোলার লক্ষ্যে শস্য গুদাম ও কোল্ড স্টোরেজ নির্মাণে সহায়তা এবং শস্য গুদাম ঋণ কর্মসূচী পরিচালনা;
		(ঝ)	ইন্টারনেট ও আধুনিক তথ্য প্রযুক্তির সহায়তায় এগ্রিবিজনেস ডাটাবেজ নিয়মিত হালনাগাদ করা এবং অটোমেশন ব্যবস্থার মাধ্যমে ব্যবসায়ী, কৃষক, ভোক্তাসহ সংশ্লিষ্ট সকলকে নিয়মিত তথ্য সরবরাহ ও সেবা প্রদান।
	৫.২	**কৃষক-বাজার সংযোগ সৃষ্টি ও কৃষি পণ্যের সরবরাহ ব্যবস্থাপনা ঃ**	
		(ক)	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), মৎস্য অধিদপ্তর (ডিওএফ), প্রাণীসম্পদ অধিদপ্তর (ডিএলএস) ও বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) ও কৃষি সেক্টরের অন্যান্য সংস্থার সহায়তায় প্রয়োজনানুসারে কৃষকগণের বিপণন গ্রুপ গঠন ও তাহাদেরকে দক্ষ বিপণনের জন্য প্রশিক্ষণ, প্রণোদনা ও সহায়তা প্রদান;
		(খ)	চুক্তি ভিত্তিক উৎপাদন ও বিপণন ব্যবস্থায় নিয়োজিত কৃষক ও স্পন্সরগণের মধ্যে যোগসূত্র স্থাপন ও চুক্তি বাস্তবায়নে আইনগত দিক পর্যবেক্ষণসহ বিধিবদ্ধ উপায়ে সহায়তা প্রদান ;
		(গ)	কৃষি পণ্যের ন্যায্য মূল্য নিশ্চিতকরণ ও মূল্য সংযোজনের লক্ষ্যে সুপার মার্কেট, পাইকার, আড়ৎদার, রপ্তানীকারক, প্রক্রিয়াজাতকারী ও ভোক্তার সংগে কৃষক বিপণন গ্রুপ বাজার সংযোগ স্থাপনে ও সাপ্লাই চেইন তৈরীতে বিধিবদ্ধ উপায়ে সহায়তা প্রদান করা এবং চুক্তি ভিত্তিক উৎপাদন ও বিপণন ব্যবস্থায় নিয়োজিত কৃষকদেরকে সহায়তা প্রদান;
		(ঘ)	পচনশীল কৃষি পণ্যের ক্ষেত্রে শীতলকরণ পরিবহন, সরবরাহ ও সংরক্ষণ ব্যবস্থাপনায় কৃষক, ব্যবসায়ী ও উদ্যোক্তাগণকে উদ্বুদ্ধকরণ, প্রশিক্ষণ ও ঋণ প্রাপ্তিতে সহযোগিতা প্রদান;
		(ঙ)	গুদাম, ওয়্যারহাউস ও হিমাগারে কৃষি পণ্যসমুহ সংরক্ষণ, সরবরাহ ইত্যাদি কার্যক্রম বিধিবদ্ধ উপায়ে তদারকি ও মনিটরিং;
		(চ)	সকল প্রকার কৃষি পণ্যের কর্তন ও আহরণের পর এগুলীর গুণাগুণ অক্ষুন্ন রক্ষার লক্ষ্যে ওয়াশিং, গ্রেডিং, প্যাকেজিং, লেবেলিং, ব্রান্ডিং, শীতলকরণ ও পরিবহনের ক্ষেত্রে প্রশিক্ষণ সহ প্রযুক্তিগত সহায়তা প্রদান;
		(ছ)	জাতীয়, জেলা ও উপজেলা পর্যায়ে কৃষি ব্যবসায়ীগণের সমিতিসমূহের নেটওয়ার্ক গঠন ও কার্যকর করতে পরামর্শ ও সহায়তা প্রদান।

	৫.৩	**হাট বাজারে বিপণন ব্যবস্থাপনা ও কৃষি অর্থনৈতিক জোনে কৃষি বিপণন ও কৃষি ব্যবসা পরিচালনা ঃ**	
		(ক)	সরকার কর্তৃক অনুমোদিত ও ইজারাকৃত সকল হাটবাজার এবং সিটি কর্পোরেশনের সকল কাঁচা বাজারে

			কৃষি বিপণন ব্যবস্থার উন্নয়নে যথাযথ কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান;
		(খ)	বিদ্যমান হাটবাজার ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী উপজেলা, পৌরসভা ও সিটি হাট বাজার ব্যবস্থাপনা কমিটিতে এই অধিদপ্তরের প্রতিনিধি অন্তর্ভূক্ত করিয়া কৃষি হাট বাজার সমূহের ব্যবস্থাপনা ও উন্নয়নে ভূমিকা রাখা এবং হাট-বাজার সমূহে কৃষি বিপণন ও কৃষিব্যবসা সম্পর্কিত অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে কারিগরি মতামত প্রদান;
		(গ)	সকল পাইকারী/খুচরা বাজারে কৃষক ও কৃষক বিপণন গ্রুপের প্রবেশাধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে কৃষি সম্প্রসারন অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, প্রাণী সম্পদ অধিদপ্তর, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনসহ অন্যান্য সংস্থার সহায়তায় কৃষকগণকে সংগঠিত করা ও বিপণের ক্ষেত্রে তাহাদেরকে সহায়তা প্রদান;
		(ঘ)	সুষ্ঠ কৃষি বিপণনের লক্ষ্যে ডিএএম কর্তৃক প্রধান প্রধান হাট-বাজারসমূহে শীতলকরণ কেন্দ্র, প্যাকেজিং হাউস নির্মাণসহ প্রয়োজনীয় অবকাঠামো নির্মান এবং পরবর্তীতে সরকারী ও বেসরকারী অংশীদারিত্বের ভিত্তিতে এই আইনের আওতায় প্রণীত নীতিমালা দ্বারা পরিচালনা করা এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য কার্যাবলী সম্পাদন;
		(ঙ)	অভ্যন্তরীণ বাজার ও রপ্তানী বাজারের চাহিদা মোতাবেক বহুমুখী কৃষি উৎপাদন ও উন্নত বিপণনে উৎপাদক এবং উদ্যোক্তাগণকে উৎসাহ, প্রশিক্ষণ ও ঋণ প্রাপ্তিতে সহায়তা প্রদান;
		(চ)	কৃষি তাত্ত্বিক ও যোগাযোগ ব্যবস্থা সম্পর্কিত বিষয়সমূহ বিবেচনায় লইয়া কৃষি ভিত্তিক অর্থনৈতিক জোনে বাণিজ্যিক ভিত্তিতে কৃষি পণ্য উৎপাদন, বিপণন, ভ্যালু চেইন উন্নয়ন এবং কৃষি ভিত্তিক শিল্প স্থাপনে উদ্যোক্তাগণকে উদ্বুদ্ধ করা এবং অধিদপ্তর কর্তৃক উক্ত জোনসমূহে বিধিবদ্ধ উপায়ে কৃষি বিপণন ও কৃষিব্যবসার উন্নয়নে প্রয়োজনীয় কার্যাবলী বাস্তবায়ন;
		(ছ)	সকল হাট বাজারে প্রমিত বাটখারা, পরিমাপক, ইলেক্ট্রনিক ক্যাশ রেজিষ্ট্রার এবং ইলেক্ট্রনিক ওয়েয়িং স্কেল ইত্যাদি আধুনিক যন্ত্রপাতি ব্যবহারে উদ্বুদ্ধকরন ও তদারকি করা ।
	৫.৪	**কৃষি উৎপাদন, কৃষি বিপণন ও কৃষি ব্যবসা সম্পর্কিত অর্থনৈতিক গবেষণা পরিচালনা ঃ**	
		(ক)	কৃষি পণ্যের আয়-ব্যয়, লাভ-ক্ষতি, চাহিদা-যোগান ইত্যাদি নিরূপণ করা এবং এজন্য প্রয়োজনানুসারে ডিএএম ও কৃষি গবেষণা প্রতিষ্ঠান সমূহের মধ্যে সংযোগ রক্ষা;
		(খ)	বিশ্ব বাণিজ্য সংস্থার নিয়মনীতির আওতায় কৃষি পণ্য উৎপাদনের তুলনামূলক সুবিধা-অসুবিধা, উপকরণ ভর্তুকি, মূল্য সহায়তা, রপ্তানী প্রনোদনা, আমদানী-রপ্তানী শুল্ক, ট্যারিফ ইত্যাদি সম্পর্কে গবেষণা করা এবং সরকারকে নিয়মিত পরামর্শ প্রদান;
		(গ)	শস্য, মৎস্য ও প্রাণী উপখাতভিত্তিক অর্থনৈতিক বিশ্লেষণের মাধ্যমে কাম্য মাত্রায় কৃষি জমির সুষ্ঠু ব্যবহার সম্পর্কে নীতি ও পরিকল্পনা প্রণয়ন ও কৃষি জমি হ্রাস রোধ করার লক্ষ্যে মাঠ পর্যায়ের তথ্য ভিত্তিক গবেষণা পরিচালনা;
		(ঘ)	কৃষিতে সৌর শক্তির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে সম্ভাব্য প্রযুক্তির তুলনামূলক অর্থনৈতিক বিশ্লেষণের মাধ্যমে কৃষকদের লাভ-ক্ষতি নিরূপণে সহায়তা প্রদান;
		(ঙ)	কৃষি শ্রমিকদের এলাকা ভিত্তিক প্রাপ্যতা, উৎপাদনশীলতা ও মজুরী সম্পর্কিত অর্থনৈতিক বিশ্লেষণ এবং কৃষি শ্রমিকের উৎপাদনক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি ও অন্যান্য উপকরণের কাম্য ব্যবহার বিষয়ে সরকারকে তথ্য সরবরাহ;
		(চ)	মোট উৎপাদন নিরূপণ, কৃষি পণ্যের উৎপাদন ব্যয় ও কৃষকের পণ্যের বিক্রয় মূল্য বিবেচনা করিয়া মাঠ পর্যায়ের তথ্যের ভিত্তিতে অর্থনৈতিক বিশ্লেষণ এবং ইহার ভিত্তিতে কৃষি ভর্তুকির পরিমাণ নির্ধারণে সরকারকে পরামর্শ প্রদান;
		(ছ)	প্রতিযোগিতামূলক বাজারে কৃষিপণ্যের রপ্তানী বৃদ্ধির লক্ষ্যে নগদ সহায়তাসহ অন্যান্য প্রনোদনামূলক

			সহায়তা সম্পর্কিত অর্থনৈতিক বিশ্লেষণের মাধ্যমে সরকারকে নীতি প্রণয়নে সহায়তা প্রদান;
		(জ)	কৃষকগণকে নিজস্ব ব্যবস্থাপনায় পণ্য সংরক্ষনে অবকাঠামোগত ও কারিগরি সহায়তা প্রদান করা এবং কৃষি ব্যবসা প্রসারের জন্য প্রয়োজন অনুযায়ী কৃষক বান্ধব প্রকল্প ও কর্মসুচী গ্রহণ;
		(ঝ)	কৃষি বিপণন ও কৃষি ব্যবসার উন্নয়নের লক্ষ্যে এই সকল বিষয়ে গবেষণা বা সমীক্ষা পরিচালনা করা, সমস্যা ও সম্ভাবনা চিহ্নিত করা এবং কৃষি ব্যবসায়ীগণকে পরামর্শ প্রদান;
		(ঞ)	কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করা ও উহা কৃষি মন্ত্রণালয়ে দাখিল করা; এবং
		(ট)	উক্ত প্রতিবেদন জাতীয় কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক পর্যালোচনার জন্য কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ।
	৫.৫	**কৃষি পণ্যের মজুদ, ক্রয় ও বিক্রয়, গুণগতমান এবং বাজারজাত সম্পর্কিত মনিটরিং ঃ**	
		(ক)	টাটকা ও প্রক্রিয়াজাত কৃষি পণ্যের গুণগতমান রক্ষায় গ্রেডিং, প্যাকেজিং, লেবেলিং, মেয়াদ, বিক্রয় মূল্য ইত্যাদি মনিটরিং ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করা;
		(খ)	গুদাম মালিক, মজুতদার, ওয়্যারহাউস মালিক ও হিমাগার মালিক কর্তৃক পরিচালিত কৃষি উপকরণ ও কৃষিপণ্য সংরক্ষণ সম্পর্কিত কার্যাবলীকে বিধিবদ্ধ উপায়ে পরিবীক্ষণ ও কারিগরি সহায়তা প্রদান;
		(গ)	কৃষি উপকরণ, পণ্যের পাইকারী ও খুচরা ক্রয়/বিক্রয়মূল্য সকলের দৃষ্টিগোচর হয় এইরূপভাবে ব্যবসায়ীগণ কর্তৃক প্রদর্শনের ব্যবস্থা ও নিয়মিত মনিটরিং করা;
		(ঘ)	টাটকা কৃষি পণ্যের পচনশীলতা হ্রাস করা ও স্বাস্থ্য সম্মত উপায়ে ব্যবহারের জন্য মানুষ ও প্রাণীর স্বাস্থ্য সহায়ক প্রিজারভেটিভ ব্যবহারে সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধকরণ;
		(ঙ)	নিয়মিতভাবে বাজার দর মনিটর করা, বাজারদরের হ্রাস-বৃদ্ধির কারণ চিহ্নিতকরা এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সরকারকে তথ্য ভিত্তিক পরামর্শ প্রদান;
		(চ)	কৃষি ব্যবসায়ীগণকে সফল ব্যবসা পরিচালনার জন্য জাতীয় পর্যায়ে পুরস্কৃত করার পদক্ষেপ গ্রহণ ।
৬।	**সরকার কর্তৃক অধিদপ্তরের কার্যাবলী পরিবর্তন ঃ** প্রয়োজনে সরকার গেজেট নোটিফিকেশনের মাধ্যমে উপরোল্লিখিত কার্যাবলী সংশোধন, সংযোজন, পরিমার্জন ও বিয়োজন করিতে পারিবে ।		
৭।	**মহাপরিচালক নিয়োগ ঃ**		
	(১)	অধিদপ্তরের একজন মহাপরিচালক থাকিবেন ।	
	(২)	মহাপরিচালক সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহার চাকুরীর শর্তাদি সরকার কর্তৃক নির্ধারিত হইবে ।	
	(৩)	মহাপরিচালক অধিদপ্তরের সার্বক্ষনিক কর্মকর্তা হইবেন এবং এই আইনের বিধানাবলী সাপেক্ষে, সরকার কর্তৃক নির্দেশিত কার্যাবলী সম্পাদন, ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবেন ।	
	(৪)	মহাপরিচালকের পদ শূন্য হইলে বা অনুপস্থিতি, অসুস্থতা অথবা অন্য কোন কারণে মহাপরিচালক তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে, শূন্য পদে নবনিযুক্ত মহাপরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত অথবা মহাপরিচালক পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক নিযুক্ত কোন ব্যক্তি অস্থায়ীভাবে মহাপরিচালকের দায়িত্ব পালন করিবেন ।	
৮।	**আইন প্রয়োগকারী সংস্থা ও অন্যান্য কর্তৃপক্ষের সহায়তা গ্রহণ ঃ**		
	এই আইনের অধীন কোন ক্ষমতা প্রয়োগ বা কার্যসম্পাদনের উদ্দেশ্যে প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবার জন্য		

	মহাপরিচালক বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা আইন প্রয়োগকারী সংস্থা বা অন্য কোন সরকারী বা সংবিধিবদ্ধ কর্তৃপক্ষকে অনুরোধ করিতে পারিবেন এবং এইরূপ অনুরোধ করা হইলে উক্ত সংস্থা বা কর্তৃপক্ষ উক্তরূপ সহায়তা প্রদানে বাধ্য থাকিবেন ।
৯ ।	মহাপরিচালক এবং অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ এই আইনের উদ্দেশ্যপূরনকল্পে এবং কৃষক, কৃষি ব্যবসায়ী ও ভোক্তাগনের স্বার্থে প্রয়োজনীয় বলিয়া বিবেচিত আইনানুগ কার্যক্রম গ্রহণ করিবেন ।

তৃতীয় অধ্যায়

কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্যাবলী বাস্তবায়ন

১০ ।	**কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্যাবলী বাস্তবায়ন ঃ**	
	(১)	কৃষি বিপণন ও কৃষিব্যবসা **ব্যবস্থাপনা** অধিদপ্তরের নিজস্ব জনবলের মাধ্যমে বিধিবদ্ধ উপায়ে কার্যাবলী বাস্তবায়ন ।
	(২)	নিজস্ব জনবল ছাড়াও উক্ত সংস্থার কার্যাবলী জাতীয়, জেলা, উপজেলা পর্যায়ের কমিটির সহায়তায় বাস্তবায়ন ।
১১ ।	**কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্যাবলী বাস্তবায়নে সহায়তার জন্য কমিটি গঠন ঃ**	
	১১(১)	**জাতীয় কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা কমিটি ঃ**

ক)	মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়	উপদেষ্টা
(খ)	কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি	উপদেষ্টা
(গ)	সচিব, কৃষি মন্ত্রণালয়	সভাপতি
(ঘ)	উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ	সদস্য
(ঙ)	প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য
(চ)	প্রতিনিধি, বাণিজ্য মন্ত্রণালয়	সদস্য
(ছ)	প্রতিনিধি, মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়	সদস্য
(জ)	প্রতিনিধি, খাদ্য বিভাগ	সদস্য
(ঝ)	প্রতিনিধি, শিল্প মন্ত্রণালয়	সদস্য
(ঞ)	প্রতিনিধি, ভূমি মন্ত্রণালয়	সদস্য
(ট)	প্রতিনিধি, বাংলাদেশ ব্যাংক	সদস্য
(ঠ)	নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল	সদস্য
(ড)	চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন	সদস্য
(ঢ)	মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	সদস্য
(ণ)	মহাপরিচালক, প্রাণীসম্পদ অধিদপ্তর	সদস্য
(ত)	মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর	সদস্য
(থ)	মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউট	সদস্য
(দ)	মহাপরিচালক, জাতীয় ভোক্তা- অধিকার সংরক্ষণ অধিদপ্তর	সদস্য
(ধ)	রেজিস্ট্রার, কো-অপারেটিভ সোসাইটি	সদস্য
(ন)	কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন কৃষি বিপণন বিশেষজ্ঞ	সদস্য
(প)	কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন কৃষি পণ্য উৎপাদক	সদস্য
(ফ)	কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন কৃষি ব্যবসায়ী	সদস্য

(ব) কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন মহিলা কৃষি ব্যবসায়ী — সদস্য

(ভ) প্রতিনিধি, এফবিসিসিআই — সদস্য

(ম) মহাপরিচালক, কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা অধিদপ্তর — সদস্য-সচিব ।

(১.১)	কমিটি প্রয়োজনে সর্বোচ্চ ০৩ (তিন) জন কর্মকর্তা/ব্যক্তিকে সদস্য হিসাবে কোঅপ্ট করিতে পারিবে ।
(১.২)	কমিটির সভা ষান্মাসিক ভিত্তিতে অনুষ্ঠিত হইবে তবে প্রয়োজনে অধিক সংখ্যক সভা অনুষ্ঠিত হইতে পারিবে ।
(১.৩)	মনোনীত সদস্যের মেয়াদ হইবে দুই বছর ।
(১.৪)	কোন কারণ উদ্ভব হইলে মনোনয়নদানকারী কর্তৃপক্ষ অবশিষ্ট মেয়াদের জন্য কোন সদস্যকে মনোনয়ন প্রদান করিতে পারিবেন ।
(১.৫)	এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হইবে ।
(১.৬)	কমিটি উহার কার্যসম্পাদনে সহায়তা প্রদানের উদ্দেশ্যে প্রয়োজনে উপ-কমিটি গঠন করিতে পারিবে ।
১১(২)	**কমিটির কার্যাবলী ঃ**
(ক)	কৃষি বিপণন ব্যবস্থা, কৃষিব্যবসা ব্যবস্থাপনা ও বাজার ব্যবস্থাপনা উন্নয়নের ক্ষেত্রে কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্যক্রম পর্যবেক্ষণ ও পরামর্শ দান;
(খ)	কৃষি উপকরণ ও কৃষি পণ্যের বাৎসরিক চাহিদা নিরূপণ, স্থানীয় উৎপাদনের প্রক্ষেপণ, আমদানী ও রপ্তানীর সম্ভাব্যতা বিশ্লেষণ, অভ্যন্তরীণ, রপ্তানী ও আমদানী বাজারের গতি প্রকৃতি পর্যবেক্ষণ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় সমূহের করণীয় নির্ণয় ও আগাম পরামর্শ প্রদান;
(গ)	কৃষি সেক্টরে বাস্তবায়নাধীন কৃষি বিপণন ও কৃষিব্যবসা সম্পর্কিত প্রকল্প/কর্মসুচীর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারকে পরামর্শ প্রদান;
(ঘ)	আপদকালীন সময়ে কৃষিব্যবসা ও বিপণনের ঝুঁকি ব্যবস্থাপনা ও ক্ষতি পূরণে সরকারের করণীয় সম্পর্কে পরামর্শ প্রদান;
(ঙ)	কৃষি বিপণন ও কৃষিব্যবসা সম্পর্কিত বিদ্যমান আইন, বিধিমালা, কৌশল, নীতিমালা ইত্যাদি যুগোপযোগী করা এবং নতুন বিধানাবলী প্রণয়ন করার ক্ষেত্রে সরকারকে নিয়মিত পরামর্শ প্রদান ও
(চ)	অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন পর্যালোচনা, জেলা ও উপজেলা পর্যায়ের কমিটিসমুহের কার্যক্রম তদারকি ও মূল্যায়ন করা এবং সরকারকে নিয়মিত পরামর্শ প্রদান ।
১১(৩)	**জেলা কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা সমন্বয় কমিটিঃ**

(ক) স্থানীয় সংসদ সদস্যগণ — উপদেষ্টা

(খ) জেলা প্রশাসক — সভাপতি

(গ) অধিনায়ক, বর্ডার গার্ড বাংলাদেশ — সদস্য

(ঘ) পুলিশ সুপার — সদস্য

(ঙ) সিভিল সার্জন — সদস্য

(চ) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর — সদস্য

(ছ) জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা — সদস্য

(জ) জেলা মৎস্য কর্মকর্তা — সদস্য

(ঝ) জেলা খাদ্য নিয়ন্ত্রক — সদস্য

(ঞ) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর — সদস্য

(ট) বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের একজন উপ-পরিচালক — সদস্য

(ঠ) প্রতিনিধি, বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউট — সদস্য

(ড) প্রতিনিধি, জাতীয় ভোক্তা- অধিকার সংরক্ষণ অধিদপ্তর — সদস্য

(ঢ) জেলা সমবায় অফিসার — সদস্য

(ণ) সিটি করপোরেশন/পৌরসভা/ উপজেলা হইতে (প্রযোজ্য ক্ষেত্রে) কমিটি কর্তৃক মনোনীত — সদস্য

	একজন বিশিষ্ট ব্যক্তি	
(ত)	সিটি কর্পোরেশন/পৌরসভা সমূহ হইতে (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট মেয়র কর্তৃক মনোনীত একজন কর্মকর্তা	সদস্য
(থ-ন)	জেলা সদরের প্রধান বাজারসমুহ হইতে (শস্য, মৎস্য, প্রাণীসম্পদ উপখাত, কৃষি উপকরণ) কমিটি কর্তৃক মনোনীত চারজন কৃষি ব্যবসায়ী প্রতিনিধি	সদস্য
(প-ব)	কমিটি কর্তৃক মনোনীত শস্য, মৎস্য এবং প্রাণীসম্পদ উপখাত হইতে একজন করিয়া মোট তিনজন কৃষি পণ্য উৎপাদক	সদস্য
(ভ)	সভাপতি, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ড্রাষ্ট্রিজ	সদস্য
(ম)	রপ্তানীকারক এবং আমদানীকারকদের (যদি থাকে) মধ্য হইতে একজন করিয়া প্রতিনিধি	সদস্য
(য)	কমিটি কর্তৃক মনোনীত একজন মহিলা কৃষি ব্যবসায়ী প্রতিনিধি	সদস্য
(র)	চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)	সদস্য
(ল)	উপজেলা নির্বাহী অফিসার (সকল)	সদস্য
(শ)	জেলা কৃষি বিপণন ও কৃষিব্যবসা কর্মকর্তা, কৃষি বিপণন ও কৃষিব্যবসা **ব্যবস্থাপনা** অধিদপ্তর	সদস্য-সচিব

(৩.১)	কমিটি প্রয়োজনে সর্বোচ্চ ০৩ (তিন) জন কর্মকর্তা/ব্যক্তিকে সদস্য হিসাবে কোঅপ্ট করিতে পারিবে।
(৩.২)	কমিটির সভা ত্রৈমাসিক ভিত্তিতে অনুষ্ঠিত হইবে তবে প্রয়োজনে অধিক সংখ্যক সভা অনুষ্ঠিত হইতে পারিবে।
(৩.৩)	মনোনীত সদস্যের মেয়াদ হইবে দুই বছর।
(৩.৪)	কোন কারণ উদ্ভব হইলে মনোনয়নদানকারী কর্তৃপক্ষ অবশিষ্ট মেয়াদের জন্য কোন সদস্যকে মনোনয়ন প্রদান করিতে পারিবেন।
(৩.৫)	এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হইবে।
(৩.৬)	কমিটি উহার কার্যসম্পাদনে সহায়তা প্রদানের উদ্দেশ্যে প্রয়োজনে উপ-কমিটি গঠন করিতে পারিবে।

১১(৪)	**কমিটির কার্যাবলী ঃ**
(ক)	কৃষিব্যবসার উন্নয়ন, বিপণন এবং বাজার ব্যবস্থাপনা বিষয় পর্যালোচনা করা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান;
(খ)	হাট বাজার ব্যবস্থাপনা মনিটরিং করা ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান;
(গ)	কৃষি উপকরণ ও পণ্য পরিবহনকালে কোন ব্যক্তি বা গোষ্ঠী কর্তৃক সৃষ্ট প্রতিবন্ধকতা রোধকল্পে অথবা অবৈধ চাঁদা বা অর্থ আদায় রোধে কার্যকরী পদক্ষেপ গ্রহণপূর্বক অবাধ সরবরাহ চেইন ব্যবস্থাপনা নিশ্চিত করা;
(ঘ)	কৃষি পণ্য এবং উপকরণ এর স্থানীয় চাহিদা, উৎপাদন ও যোগান, মজুদ, বাজার দর, সংরক্ষণ, পরিমাপ, প্রক্রিয়াজাতকরণ এবং সরবরাহ পরিস্থিতি সম্পর্কে ডিএএম কে পরামর্শ প্রদান;
(ঙ)	পাইকারী ও খুচরা বাজারসমূহে কৃষিপণ্য ও কৃষি উপকরণের ক্রয়/বিক্রয় মূল্য তালিকা বিক্রেতাগণ কর্তৃক ক্রেতা সাধারণের দৃষ্টিগোচর হয় এমনভাবে প্রদর্শনের ব্যবস্থা তত্ত্বাবধান করা;
(চ)	কৃষি সেক্টরের বাস্তবায়নাধীন কৃষিব্যবসা উন্নয়ন বা বিপণন সংক্রান্ত প্রকল্প/কর্মসূচীর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা, ঋণ ও কারিগরী সহায়তা প্রদান কার্যক্রম মনিটর করা ও সংশ্লিষ্ট সংস্থাসমূহকে পরামর্শ প্রদান;
(ছ)	উপজেলা কৃষি বিপণন ও কৃষিব্যবসা কমিটির কার্যক্রম তদারকি ও মূল্যায়ন করা এবং এই বিষয়ে জাতীয় কমিটি ও মহাপরিচালককে অবহিত করা।
১১(৫)	**উপজেলা কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা সমন্বয় কমিটি ঃ**

(ক)	চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ	উপদেষ্টা

(খ)	উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি
(গ)	উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান কর্মকর্তা	সদস্য
(ঘ)	উপজেলা কৃষি অফিসার	সদস্য
(ঙ)	সহকারী কমিশনার (ভূমি)	সদস্য
(চ)	উপজেলা মৎস্য অফিসার	সদস্য
(ছ)	উপজেলা প্রাণীসম্পদ অফিসার	সদস্য
(জ)	উপজেলা প্রকৌশলী	সদস্য
(ঝ)	উপজেলা পরিসংখ্যান অফিসার	সদস্য
(ঞ)	উপজেলা সমবায় অফিসার	
(ট)	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক	সদস্য
(ঠ)	বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের একজন সিনিয়র সহকারী পরিচালক	সদস্য
(ড)	থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা	সদস্য
(ঢ)	পৌরসভা হইতে (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট মেয়র কর্তৃক মনোনীত একজন কর্মকর্তা	সদস্য
(ণ)	চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)	সদস্য
(ত)	কমিটি কর্তৃক মনোনীত শস্য, মৎস্য এবং প্রাণীসম্পদ উপখাত হইতে একজন করিয়া মোট তিনজন কৃষি পণ্য উৎপাদক	সদস্য
(থ)	কমিটি কর্তৃক মনোনীত (শস্য, মৎস্য ও প্রাণীসম্পদ উপখাত, কৃষি উপকরণ) চারজন কৃষি ব্যবসায়ী	সদস্য
(দ)	কমিটি কর্তৃক মনোনীত একজন মহিলা কৃষি ব্যবসায়ী	সদস্য
(ধ)	উপজেলা কৃষি বিপণন ও কৃষিব্যবসা কর্মকর্তা, কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা অধিদপ্তর	সদস্য-সচিব

(৫.১)	কমিটি প্রয়োজনে সর্বোচ্চ ০৩ (তিন) জন কর্মকর্তা/ব্যক্তিকে সদস্য হিসাবে কোঅপ্ট করিতে পারিবে।
(৫.২)	কমিটি প্রতিমাসে সভা করিবে।
(৫.৩)	মনোনীত সদস্যের মেয়াদ হইবে দুই বছর।
(৫.৪)	কোন কারণ উদ্ভব হইলে মনোনয়নদানকারী কর্তৃপক্ষ অবশিষ্ট মেয়াদের জন্য কোন সদস্যকে মনোনয়ন প্রদান করিতে পারিবেন।
(৫.৫)	এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হইবে।
(৫.৬)	কমিটি উহার কার্যসম্পাদনে সহায়তা প্রদানের উদ্দেশ্যে প্রয়োজনে উপ-কমিটি গঠন করিতে পারিবে।
১১(৬)	**কমিটির কার্যাবলী ঃ**
(ক)	কৃষিব্যবসার উন্নয়ন, বিপণন এবং বাজার ব্যস্থাপনা বিষয় পর্যালোচনা করা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পরামর্শ দান।
(খ)	এই আইনের আওতায় কৃষি বিপণন ও বাজার ব্যবস্থার উন্নয়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।
(গ)	হাট বাজার ব্যবস্থাপনা, বাজারের চাহিদা, বিপণন তথ্য কেন্দ্র পরিচালনা মনিটরিং করা ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পরামর্শ দান।
(ঘ)	কৃষি উপকরণ ও পণ্য পরিবহনকালে কোন ব্যক্তি বা গোষ্ঠী কর্তৃক সৃষ্ট প্রতিবন্ধকতা রোধকল্পে অথবা অবৈধ চাঁদা বা অর্থ আদায় রোধে কার্যকরী পদক্ষেপ গ্রহণপূর্বক অবাধ সরবরাহ চেইন ব্যবস্থাপনা নিশ্চিতকরণ;
(ঙ)	কৃষি পণ্য এবং উপকরণের গুণাগুন, বাজার দর, সংরক্ষণ, পরিমাপ, প্রক্রিয়াজাতকরণ, মজুদ এবং সরবরাহ পরিস্থিতি বিষয়ে পর্যবেক্ষণ ও তাৎক্ষনিক পদক্ষেপ গ্রহণে ডিএএএমকে সহায়তা প্রদান;
(চ)	পাইকারী ও খুচরা বাজারসমূহে কৃষিপণ্য ও কৃষি উপকরণের ক্রয়/বিক্রয় মূল্য তালিকা বিক্রেতাগণ কর্তৃক ক্রেতা সাধারণের দৃষ্টিগোচর হয় এমনভাবে প্রদর্শনের ব্যবস্থা নিশ্চিতকরণে ডিএএএমকে সহায়তা দান;
(ছ)	সংশ্লিষ্ট বাজারের অবকাঠামোগত সুযোগ সুবিধা উন্নয়নের উদ্যোগ গ্রহণ করার পাশাপাশি অবকাঠামোগত সুযোগ

	সুবিধাদি বৃদ্ধি ও এর কার্যকারিতা নিয়মিত তদারকি করা;
(জ)	কৃষি সেক্টরের বাস্তবায়নাধীন কৃষিব্যবসা উন্নয়ন বা বিপণন সংক্রান্ত প্রকল্প/কর্মসূচীর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা, ঋণ ও কারিগরী সহায়তা প্রদান কার্যক্রম মনিটর করা এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহকে পরামর্শ প্রদান;
(ঝ)	উৎপাদক ও ভোক্তাদের কৃষি ব্যবসায়ীর মাঝে পন্যের গুণাগুণ, সরবরাহ ও মূল্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য মতবিনিময়ের ব্যবস্থা করা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
১২।	সরকার কর্তৃক কমিটি গঠন ও কর্মপরিধি পরিবর্তন ঃ প্রয়োজনে সরকার জাতীয়, জেলা ও উপজেলা পর্যায়ের কমিটিসমূহের গঠন ও কর্মপরিধি গেজেট নোটিফিকেশনের মাধ্যমে সংশোধন, সংযোজন ও বিয়োজন করিতে পারিবে।

চতুর্থ অধ্যায়
অপরাধ, বিচার, দন্ড, জরিমানা ইত্যাদি

১৩।	**কৃষি উপকরণ ও পণ্যের মূল্য, গুনাগুণ, মজুদ, চাহিদা, সরবরাহ ইত্যাদি সংক্রান্ত তথ্য প্রদান ঃ**	
	(১)	সরকার কর্তৃক ইজারাকৃত সকল হাট-বাজারের কৃষি ব্যবসায়ীগন বা অন্যান্য কৃষি ব্যবসায়ীগন তাহাদের মালিকানাধীন কৃষি উপকরণ, টাটকা ও প্রক্রিয়াজাত কৃষি পণ্যের মজুদ, চাহিদা, সরবরাহ, গুনাগুন, পাইকারী ও খুচরা ক্রয়/বিক্রয় মূল্য এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ের দলিলাদি, তথ্যাদি কৃষি বিপণন ও কৃষি ব্যবসা ব্যবস্থাপনা অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগনকে চাহিদা মোতাবেক প্রদান করিবেন।
	(২)	কোন ব্যবসায়ী উপধারা (১) এর বিধান লংঘন করিলে উহা অপরাধ বলিয়া গন্য হইবে এবং উক্ত অপরাধের জন্য তিন মাস পর্যন্ত বিনাশ্রম বা সশ্রম কারাদন্ড বা অনূর্ধ্ব দশ হাজার টাকা জরিমানা এবং অনাদায়ে এক মাস বিনাশ্রম কারাদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত হইবেন।
১৪।	**সকল হাটবাজারে কৃষকগণের প্রবেশাধিকার ঃ**	
	(১)	যে কোন কৃষক বা কৃষক বিপনণ গ্রুপ তাহাদের কৃষিপন্য সরকার কর্তৃক ইজারাকৃত বা অনুমোদিত সকল হাটবাজারে পাইকার বা খুচরা হিসাবে বিক্রয় করিতে পারিবেন এবং কোন কৃষি ব্যবসায়ী বা অন্য কোন ব্যক্তি উক্ত ক্রয়/বিক্রয়ে বাধা প্রদান কারতে পারিবেন না।
	(২)	কোন কৃষি ব্যবসায়ী বা অন্য কোন ব্যক্তি উপধারা (১) এর বিধান লংঘন করিলে উহা অপরাধ বলিয়া গণ্য হইবে এবং উক্ত অপরাধের জন্য ছয় মাস পর্যন্ত বিনাশ্রম বা সশ্রম কারাদন্ড বা অনূর্ধ্ব দশ হাজার টাকা জরিমানা অনাদায়ে তিন মাস বিনাশ্রম কারাদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত হইবেন।
১৫।	**কৃষি উপকরন ও কৃষিপণ্যের দোকান, ব্যবসায়ী প্রতিষ্ঠান, গুদাম বা ওয়ার হাউজ বা হিমাগারে প্রবেশাধিকার ঃ**	
	(১)	কৃষি বিপণন ও কৃষি ব্যবসা অধিদপ্তরের মহাপরিচালক বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা অথবা সকল কর্মকর্তাকে যে কোন ব্যক্তি বা ব্যবসায়ী তাহার মালিকানাধীন কৃষি উপকরণ ও কৃষিপণ্যের ব্যবসা প্রতিষ্ঠানে, গুদাম বা ওয়ার হাউজ বা হিমাগারে অনুরূপ উপকরণ বা পণ্যের মজুদ, সরবরাহ, গুণাগুন ইত্যাদি বিষয় পরীক্ষার জন্য প্রবেশ করার সুযোগ দিবেন।
	(২)	কোন ব্যক্তি বা ব্যবসায়ী উপধারা (১) এর বিধান লংঘন করিলে উহা অপরাধ বলিয়া গন্য হইবে এবং উক্ত অপরাধের জন্য ছয় মাস পর্যন্ত বিনাশ্রম বা সশ্রম কারাদন্ড বা অনূর্ধ্ব বিশ হাজার টাকা জরিমানা অনাদায়ে দুই মাস বিনাশ্রম কারাদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত হইবেন।
১৬।	**কৃষি উপকরণ ও কৃষিপণ্যের বিক্রয় মূল্য প্রদর্শন ঃ**	

	(১)	সকল পর্যায়ের ব্যবসায়ী তাহার মালিকানাধীন কৃষি উপকরণ ও কৃষিপণ্যের পাইকারী ও খুচরা বিক্রয় মূল্য প্রকাশ্য স্থানে বা পণ্যের মোড়কে বা দৃষ্টিগোচর হয় এমনভাবে প্রদর্শন করিবেন।
	(২)	কোন ব্যবসায়ী উপধারা (১) এর বিধান লংঘন করিলে উহা অপরাধ বলিয়া গণ্য হইবে এবং উক্ত অপরাধের জন্য তিন মাস পর্যন্ত বিনাশ্রম বা সশ্রম কারাদন্ড বা অনূর্ধ্ব দশ হাজার টাকা জরিমানা অনাদায়ে এক মাস বিনাশ্রম কারাদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত হইবেন।
১৭।	**প্রক্রিয়াজাত কৃষিপণ্যের গুণাগুন ও স্বাস্থ্যসম্মত পরিবেশ রক্ষণ ঃ**	
	(১)	কোন প্রক্রিয়াজাতকারী কৃষিপণ্যের মোড়কে পণ্যের পুষ্টিমান ও উপাদানের শতকরা হার, উৎপাদনের তারিখ এবং মেয়াদ উত্তীর্ণের তারিখ এবং বিক্রয়মূল্য উল্লেখ করিবেন এবং মেয়াদ উত্তীর্ণ হইবার পর পণ্যটি বিক্রয় না করিয়া বিনষ্ট করিবেন।
	(২)	কোন প্রক্রিয়াজাতকারী উপধারা (১) এর বিধান লংঘন করিলে উহা অপরাধ বলিয়া গন্য হইবে এবং উক্ত অপরাধের জন্য এক বৎসর পর্যন্ত বিনাশ্রম বা সশ্রম কারাদন্ড বা অনূর্ধ্ব এক লক্ষ টাকা জরিমানা অনাদায়ে দুই মাস বিনাশ্রম কারাদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত হইবেন।
	(৩)	কোন কৃষি ব্যবসায়ী প্রক্রিয়াজাত কৃষি পণ্যের মেয়াদ উত্তীর্ণ হইবার পর পণ্য বিক্রয় না করিয়া উহা বিনষ্ট করিবেন।
	(৪)	কোন কৃষি ব্যবসায়ী উপধারা (৩) লংঘন করিলে উহা অপরাধ বলিয়া গন্য হইবে এবং উক্ত অপরাধের জন্য তিন মাস পর্যন্ত সশ্রম বা বিনাশ্রম কারাদন্ড বা অনূর্ধ্ব বিশ হাজার টাকা জরিমানা অনাদায়ে অনূর্ধ্ব দুই মাস বিনাশ্রম কারাদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত হইবেন।
	(৫)	কোন ব্যক্তি টমেটো, অপরিপক্ক ফল পাকানো বা দুধ, মাছ, মাংস, ফল, শাকসব্জিসহ অন্যান্য কৃষি পন্য সংরক্ষনের জন্য বা অন্য কোন উদ্দেশ্যে জনস্বাস্থের জন্য ক্ষতিকর কোন রাসায়নিক বা অন্য কোন দ্রব্য ব্যবহার করিবেন না।
	(৬)	কোন ব্যবসায়ী উপধারা (৫) এর বিধান লংঘন করিলে উহা অপরাধ বলিয়া গন্য হইবে এবং উক্ত অপরাধের জন্য এক বৎসর পর্যন্ত বিনাশ্রম বা সশ্রম কারাদন্ড বা অনূর্ধ্ব এক লক্ষ টাকা জরিমানা অনাদায়ে দুই মাস বিনাশ্রম কারাদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত হইবেন।
১৮।	**প্রমিত বাটখারা, পরিমাপক, ইলেক্ট্রনিক ক্যাশ রেজিষ্ট্রার এবং ইলেক্ট্রনিক ওয়েয়িং স্কেল ইত্যাদির ব্যবহার ঃ**	
	(১)	পাইকারী ও খুচরা বিক্রেতাগন Standard weights and measures ordinance, 1982 এ উল্লিখিত প্রত্যেক প্রকারের প্রমিত বাটখারা ও পরিমাপক সকল হাট বাজারে ব্যবহার করিবেন এবং কৃষি বিপণন ও কৃষি ব্যবসা অধিদপ্তরের মহাপরিচালক বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কর্মকর্তা অথবা কর্মকর্তাগণ উক্ত বাটখারা ও পরিমাপকের ব্যবহার সময়ে সময়ে যাচাই করিবেন।
	(২)	কৃষি উপকরণ ও কৃষি পণ্যের ক্রয়/ বিক্রয় কালে সকল পাইকারী ও খুচরা বিক্রেতা ইলেক্ট্রনিক ক্যাশ রেজিষ্টার এবং ইলেক্ট্রনিক ওয়েয়িং মেশিন ব্যবহার করিবেন এবং উক্ত সংস্থার মহাপরিচালক বা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কর্মকর্তা অথবা কর্মকর্তাগণ উক্ত ইলেক্ট্রনিক ক্যাশ রেজিষ্টার এবং ইলেক্ট্রনিক ওয়েয়িং মেশিনের ব্যবহার পরীক্ষা করিবেন।
	(৩)	উক্ত সংস্থার মহাপরিচালক বা ত্দকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কর্মকর্তা অথবা কর্মকর্তাগণ কর্তৃক উপধারা (১) ও উপধারা (২) এর বিধান মোতাবেক দায়িত্ব পালন করিতে গেলে কোন পাইকারী অথবা খুচরা বিক্রেতা কর্তৃক উক্ত কর্মকর্তা অথবা কর্মকর্তাগণকে অসহযোগিতা করিলে তিনি তিন মাস পর্যন্ত বিনাশ্রম বা সশ্রম কারাদন্ড বা অনূর্ধ্ব দশ হাজার টাকা জরিমানা অনাদায়ে এক মাস বিনাশ্রম কারাদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত হইবেন।
১৯।	**কৃষি উপকরণ ও পণ্যের মজুদ, কৃষি পণ্য সরবরাহে বাধা অথবা কৃত্রিম সংকট সৃষ্টি ঃ**	
	(১)	কোন ব্যক্তি বা কোন ব্যবসায়ী কৃষি উপকরণ ও কৃষি পণ্যের নিরবচ্ছিন্ন সরবরাহে বাধা সৃষ্টি অথবা যে কোনভাবে বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করিতে পারিবেন না বা বাজারে চাহিদা থাকা স্বত্ত্বেও কোন সরবরাহকারী কৃষি পন্য ও কৃষি উপকরণ তাহার গুদাম বা ওয়্যারহাউস হইতে খুচরা বিক্রেতা ও ভোক্তার নিকট বিক্রয় করিতে

		অস্বীকার করিতে পারিবেন না ।
	(২)	কোন ব্যক্তি বা ব্যবসায়ী কর্তৃক উপধারা (১) লংঘন করিলে উহা অপরাধ বলিয়া গন্য হইবে এবং উক্ত অপরাধের জন্য তিনি ছয় মাস পর্যন্ত বিনাশ্রম বা সশ্রম কারাদন্ড বা অনূর্ধ্ব পঞ্চাশ হাজার টাকা জরিমানা অনাদায়ে দুই মাস বিনাশ্রম কারাদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত হইবেন ।
	(৩)	কোন কারনে কৃষিপণ্য বা কৃষি উপকরনের সরবরাহ সংকটের পরিস্থিতি সৃষ্টি হইলে যে কোন ব্যক্তি বা ব্যবসায়ী তাহার মজুদকৃত সম্পূর্ণ বা আংশিক কৃষিপণ্য বা কৃষি উপকরণ দেশের এক স্থান হইতে অন্য স্থানে সরবরাহ এবং বাজারের চাহিদা অনুযায়ী বিক্রয়ের জন্য উন্মুক্ত করিবেন ।
	(৪)	কোন ব্যক্তি বা ব্যবসায়ী উপধারা (৩) এর বিধান লংঘন করিলে উহা অপরাধ বলিয়া গন্য হইবে এবং উক্ত অপরাধের জন্য ছয় মাস পর্যন্ত বিনাশ্রম বা সশ্রম কারাদন্ড বা অনূর্ধ্ব পঞ্চাশ হাজার টাকা জরিমানা অনাদায়ে দুই মাস বিনাশ্রম কারাদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত হইবেন ।
২০ ।	**চুক্তিবদ্ধ চাষ ব্যবস্থা তদারকি ও মীমাংসাঃ**	
	(১)	মহাপরিচালক ও ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ চুক্তিবদ্ধ চাষ ব্যবস্থার তদারকি করিবেন । কর্মকর্তাগণ চুক্তিনামার শর্তানুযায়ী বিধিবদ্ধ উপায়ে কৃষক ও কৃষক বিপণন গ্রুপ এবং স্পন্সরের মধ্যে সৃষ্ট বিরোধ মীমাংসা করিবেন;
	(২)	কোন পক্ষ বিরোধ মীমাংসার কাজে অসহযোগিতা করিলে তাহা অপরাধ বলিয়া গণ্য হইবে এবং উক্ত অপরাধের জন্য সর্বোচ্চ এক মাস বিনাশ্রম কারাদন্ড বা অনূর্ধ্ব বিশ হাজার টাকা জরিমানা অনাদায়ে এক মাস বিনাশ্রম কারাদন্ডে দন্ডিত হইবেন ।

পঞ্চম অধ্যায়

বিধি প্রণয়ন ক্ষমতা, সংক্ষিপ্ত বিচার, মোবাইল কোর্ট পরিচালনা, আপীল ইত্যাদি

২১ ।	**বিধিমালা প্রণয়নের ক্ষমতা ঃ** সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধি প্রণয়ন করিতে পারিবেন । বিধি প্রনয়ণ না হওয়া পর্যন্ত এই আইনের কতিপয় বিধানাবলী গেজেট নোটিফিকেশনের মাধ্যমে প্রয়োগ পদ্ধতি নির্ধারণ করা হইবে । গেজেট নোটিফিকেশনের তারিখ হইতে উক্ত প্রয়োগ পদ্ধতি অনুযায়ী আইনের কতিপয় বিধান কার্যকর করা হইবে ।	
২২ ।	এই আইনে উল্লিখিত অপরাধসমূহ অ-আমলযোগ্য ও জামিনযোগ্য বলিয়া গণ্য হইবে ।	
২৩ ।	কোম্পানীকৃত অপরাধ সংঘটন ঃ	
	কোন কোম্পানী কর্তৃক এই আইনের অধীন কোন অপরাধ সংঘটিত হইলে উক্ত অপরাধের সহিত প্রত্যক্ষ সংশ্লিষ্টতা রহিয়াছে কোম্পানীর এইরূপ প্রত্যেক পরিচালক, ম্যানেজার, সচিব, অংশীদার, কর্মকর্তা এবং কর্মচারী উক্ত অপরাধ সংঘটিত করিয়াছেন বলিয়া গন্য হইবে, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত অপরাধ তাহার অজ্ঞাতসারে সংঘটিত হইয়াছে অথবা উক্ত অপরাধ রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন ।	
২৪ ।	**অপরাধ বিচারার্থে গ্রহন ঃ**	
	(১)	মহাপরিচালক বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন অফিসার কর্তৃক লিখিত অভিযোগ ব্যতীত কোন আদালত এই আইনের অধীন কোন অপরাধ আমলে গ্রহণ করিবেন না ।
	(২)	এই আইনের অধীনে সংঘটিত অপরাধের বিচার জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক সংক্ষিপ্ত বিচার পদ্ধতিতে করা হইবে এতদুদ্দেশ্যে ফৌজদারী কার্যবিধির Chapter-XXII তে বর্ণিত পদ্ধতি প্রযোজ্য হইবে ।
২৫ ।	**মোবাইল কোর্ট পরিচালনা ঃ**	
	(১)	ফৌজদারী কার্যবিধির ২২ ধারার বিধান স্বত্বেও উৎপাদক, কৃষি ব্যবসায়ী ও ভোক্তার স্বার্থ সংরক্ষনের জন্য নির্বাহী ম্যাজিস্ট্রেটের দ্বারা আইন শৃঙ্খলা এবং অপরাধ প্রতিরোধ কার্যক্রমকে কার্যকর ও অধিকতর দক্ষতার সহিত সম্পাদন করিবার জন্য মোবাইল কোর্ট পরিচালনা সম্পর্কিত আইন ২০০৯ মাধ্যমে এই আইনের অপরাধসমুহের বিচার সম্পন্ন করা হইবে ।

	(২)	মোবাইল কোর্ট পরিচালনা সম্পর্কিত আাইন ২০০৯ অনুযায়ী জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক বিচার্য সকল অপরাধের বিচার এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট কর্তৃক সম্পন্ন করা যাইবে তবে দুই বছরের বেশী কারাদন্ড প্রদান করা যাইবে না ।
	(৩)	মোবাইল কোর্ট পরিচালনার ক্ষেত্রে, উক্ত মোবাইল কোর্ট পরিচালনাকারী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট সংশ্লিষ্ট অপরাধ সংশ্লেষে তল্লাশি (search), জব্দ (seizure) এবং প্রয়োজনে জব্দকৃত বস্তু বিলিবন্দেজ (disposal) করিবার ক্ষমতা থাকিবে ।
	(৪)	উপ-ধারা (২) এর অধীন ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে ফৌজদারী কার্যবিধির সংশ্লিষ্ট বিধান অনুসরণ করিতে হইবে ।
২৬ ।	**আপীল ঃ**	
	(১)	এই আইনের অধীন মোবাইল কোর্ট কর্তৃক আরোপিত দন্ড দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি, সংশ্লিষ্ট আঞ্চলিক অধিক্ষেত্রের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এর নিকট আপীল দায়ের করিতে পারিবেন ।
	(২)	ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট নিজে উক্ত আপীল শুনানী ও নিস্পত্তি করিবেন অথবা তাঁহার অধীনস্ত যে কোন অতিরিক্ত ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এর নিকট উহা শুনানী ও নিস্পত্তির জন্য প্রেরণ করিতে পারিবেন ।
	(৩)	ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট কিংবা অতিরিক্ত ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রদত্ত দন্ডাদেশের বিরুদ্ধে আপীল সংশ্লিষ্ট অধিক্ষেত্রের দায়রা জজের নিকট দায়ের করিতে হইবে এবং দায়রা জজ নিজে উক্ত আপীল শুনানী ও নিস্পত্তি করিবেন কিংবা কোন অতিরিক্ত দায়রা জজের নিকট উক্ত আপীল শুনানী ও নিস্পত্তির জন্য প্রেরণ করিবেন ।
	(৪)	এই ধারার অধীন আপীল নিস্পত্তির ক্ষেত্রে ফৌজদারী কার্যবিধির অধ্যায় ৩১ এর বিধানাবলী প্রয়োজনীয় অভিযোজন সহকারে প্রযোজ্য হইবে ।
	(৫)	এই ধারার অধীন দায়েরকৃত আপীল ফৌজদারী কার্যবিধির কেবল ধারা ৪১২ এর নির্ধারিত পরিসরে সীমিত থাকিবে ।
	(৬)	এই আইনের অধীন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক আরোপিত দন্ড দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি সংশ্লিষ্ট আঞ্চলিক অধিক্ষেত্রের দায়রা জজ আদালতে ফৌজদারী কার্যবিধির বিধান মোতাবেক আপীল দায়ের করিতে পারিবেন ।
২৭ ।	**অর্থদন্ড আদায় সম্পর্কিত বিধান ঃ**	
	(১)	এই আইনের অধীন কোন অভিযুক্তকে ঘটনাস্থলে দোষী সাব্যস্ত করিয়া কেবল অর্থদন্ড আরোপ করা হইলে উক্ত অর্থদন্ডের নির্ধারিত টাকা তাৎক্ষনিকভাবে আদায়যোগ্য হইবে ।
	(২)	আরোপিত অর্থদন্ড তাৎক্ষনিকভাবে আদায় করা না হইলে অনাদায়ে আরোপিত কারাদন্ড তাৎক্ষনিকভাবে কার্যকর হইবে ।
	(৩)	অর্থদন্ড ভোগ করিবার সময় অভিযুক্তের পক্ষে অর্থদন্ডের সমুদয় অর্থ আদায় করা হইলে অভিযুক্ত কারাবাস হইতে তাৎক্ষনিকভাবে মুক্তিলাভ করিবেন ।
	(৪)	এই ধারার অধীন অর্থদন্ড আদায় করিতে ব্যর্থতার কারণে আরোপিত কারাদন্ড আংশিক বা সম্পূর্ণ ভোগ করিবার কারণে অর্থদন্ডের সংশ্লিষ্ট অর্থ আদায় অযোগ্য হইবে না; এবং এই ক্ষেত্রে চবহধষ ঈড়ফব, ১৮৬০ এর ধারা ৬৪ হইতে ৭০ এর বিধানাবলী যথানিয়মে প্রযোজ্য হইবে ।
২৮ ।	**আইনের প্রধান্য-** আপাতত বলবৎ অন্য আইনে যাহাই বলা থাকুক না কেন এই আইনের বিধানাবলী কার্যকর হইবে ।	
২৯ ।	**তফসিল সংশোধনের ক্ষমতা ।**—সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা পূর্বে কোন কৃষি পণ্য অথবা কৃষি উপকরণ অন্তর্ভূক্ত না হইলে অথবা অন্তর্ভুক্ত হইয়া থাকিলে ক্ষেত্রমত উহা সংযোজন অথবা বিয়োজন করিতে পারিবেন ।	
৩০ ।	**সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ ।**—এই আইনের অধীন বা তদাধীন প্রণীত কোন বিধানের অধীন সরল বিশ্বাসে সম্পাদিত কোন কাজের জন্য সরকার, কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা অধিদপ্তর, বা অধিদপ্তরের কোন কর্মকর্তা বা কর্মচারী বা জাতীয় কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা কমিটি, জেলা কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা সমন্বয়	

	কমিটি ও উপজেলা কৃষি বিপণন ও কৃষিব্যবসা ব্যবস্থাপনা সমন্বয় কমিটি বা অধিদপ্তরের আওতাধীন কোন প্রকাশনা, রিপোর্ট বা কার্যধারার বিরুদ্ধে কোন মামলা দায়ের বা অন্য কোন আইনি প্রক্রিয়া গ্রহণ করা যাইবে না ।
৩১ ।	**পূর্বতন আইন রহিত ও পূর্বতন আইনের আওতায় গৃহীত ব্যবস্থা সমূহের হেফাজত ।— (১)** এই আইন প্রবর্তনের তারিখ হইতে পূর্বে বলবৎকৃত "Bangladesh Agricultural Produce Market Regulation Act 1964, (Amendment) Ordinance, 1985" Ges Warehouse Ordinance 1959 রহিত হইয়াছে বলিয়া পরিগনিত হইবে, তবে শর্ত থাকে যে, পূর্বতন আইন, বিধিমালা ও নীতিমালাসমূহের আওতায় গৃহীত ও চলমান কার্যক্রম এবং বিরোধ নিষ্পত্তি ও সংশ্লিষ্ট কার্যসমূহ বৈধ বলিয়া পরিগনিত হইবে । (২) এই আইন প্রবর্তনের তারিখ হইতে রহিত করা আইনসমূহের আওতায় নতুন কোন কার্যক্রম করা অবৈধ হইবে ।
৩২ ।	**ইংরেজীতে অনুদিত পাঠ প্রকাশ ।—(১)** এই আইন প্রবর্তনের পর সরকার গেজেটে প্রজ্ঞাপন দ্বারা এই আইনের ইংরেজীতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করিবে । (২) এই আইনের বাংলা ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে ।

তফসিল

		তফসিল-১ [ধারা ২(৫)]
	(i)	**বীজ ঃ** সকল প্রকার বীজ;
	(ii)	**সার ঃ** সকল প্রকার রাসায়নিক, জৈব ও মিশ্রসার;
	(iii)	**বালাই নাশক ঃ** সকল প্রকার বালাইনাশক এবং প্রাকৃতিক ও জৈব বালাইনাশক;
	(iv)	**বাচ্চা ঃ** রেনু, পোনা, ব্যবসার উদ্দেশ্যে পালিত পশুপাখির বাচ্চা, মুরগীর বাচ্চা গরুর বাচ্চা, ছাগলের বাচ্চা, ভেড়ার বাচ্চা, কোয়েলের বাচ্চা;
	(v)	**খাদ্য জাতীয় উপকরণঃ** সকল প্রকার খাদ্য জাতীয় উপকরণ যা হাঁস-মুরগী, গবাদী পশু এবং মাছ উৎপাদনে প্রয়োজন হয় । হাঁস-মুরগী, গবাদীপশু এবং মাছ উৎপাদনে ব্যবহৃত সকল প্রকার খাদ্য জাতীয় উপকরণ;

	(vi)	**কৃষি কাজে এবং কৃষি প্রক্রিয়াজাতকরণে ব্যবহৃত মেশিনারিজ/যন্ত্রপাতি ঃ** কৃষি কাজে ব্যবহৃত সকল প্রকার যন্ত্রপাতি ।
তফসিল-২ **[ধারা ২(৬)]**		
	(i)	**খাদ্যশস্য ঃ** ১. ধান, ২. চাউল, ৩. গম, ৪. আলু , ৫. ভুট্টা, ৬. কাউন, ৭. চিনা, ৮. যব;
	(ii)	**অর্থকরী ফসল ঃ** ১. পাট, ২. চা, ৩. তূলা, ৪. তামাক;
	(iii)	**ডাল ঃ** সকল প্রকার ডাল (খোসাসহ এবং খোসা ব্যতীত);
	(iv)	**তেলবীজ এবং তেল ঃ** ১. রাই এবং সরিষা, ২. তিল, ৩. তিষি, ৪. বাদাম, ৫. নারিকেল, ৬. রেড়ি বীজ, ৭. সূর্যমুখী, ৮. সয়াবিনসহ সকল প্রকার ভোজ্য তেল;
	(v)	**ইক্ষু এবং গুড় ঃ** ১. ইক্ষু, ২. সকল প্রকার গুড়;
	(vi)	**ফল ঃ** সকল প্রকার তাজা ও শুকনা ফল;
	(vii)	**ফুল ঃ** সকল প্রকার তাজা ও শুকনা ফুল, ক্যাকটাস, পাতাবাহার;
	(viii)	**শাক-সব্জী ঃ** সকল প্রকার শাক-সব্জী;
	(ix)	**পশু ও পশুজাত পণ্য ঃ** ১. গরু ও গরুর মাংস ২. মহিষ ও মহিষের মাংস ৩. উট ও উটের মাংশ ৪. ছাগল ও ছাগলের মাংস ৫. ভেড়া ও ভেড়ার মাংস ৬. হাঁস-মুরগী, কোয়েল ও কবুতরের মাংস ৭. ডিম ৮. দুধ ও অন্যান্য দুগ্ধজাত দ্রব্য ৯. পশম ১০. কাঁচা ও আধা প্রক্রিয়াজাত চামড়া ১১. হাড় এবং হাড়ের গুড়া;
	(x)	**মাছ ঃ** ১. সকল প্রকার মাছ (তাজা, শুকনা, লবণজাত এবং হিমায়িত) ২. চিংড়ি, ৩. কাঁকড়া ৪. কচ্ছপ; ৫.কুমীর ও অন্যান্য জলজ উদ্ভিদ ও প্রাণী;
	(xi)	**মশলা ঃ** ১. পেঁয়াজ, ২. হলুদ, ৩. আদা, ৪. রসুন, ৫. জিরা ও কালজিরা, ৬. ধনিয়া, ৭. মরিচ (কাঁচা ও শুকনা), ৮. গোল মরিচ, ৯. অন্যান্য সকল প্রকার মসলা;
	(xii)	**অন্যান্য কৃষিজাত পণ্য ঃ** ১. সুপারি, ২. পান, ৩. চেরাই কাঠ, ৪. জ্বালানী কাঠ, ৫. বাঁশ, ৬. লবন, ৭. চিনি, ৮. খৈল, ৯. পাটজাত পণ্য, ১০. নারিকেল ছোবড়া ও ছোবড়াজাত পণ্য, ১১. তেতুল ও তেতুলবীজ, ১২. সকল প্রকার ভুসি, ১৩. গোলপাতা, ১৪. বেত, ১৫. কাঠের ফার্নিচার, ১৬. মধু, ১৭. ডাব ও নারিকেল, ১৮. মোম ।
	(xiii)	**প্রক্রিয়াজাত কৃষি পণ্য ঃ** ১. চিড়া, ২. মুড়ি, ৩. সূজী, ৪. সেমাই, ৫. আটা, ৬. ময়দা, ৭. সকল প্রকার কৃষি পণ্যের রস, ৮. আচার, ৯. বেসন, ১০. অন্য যে কোন প্রক্রিয়াজাত কৃষিপণ্য ।